
জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ


জুলাই-মার্চ, ২০১৪-১৫ মেয়াদে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১৭,৯৫৬.৬৫ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ঋণ ও মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ১৪,৯১৩.০৪ কোটি টাকা এবং ৩,০৪৩.৬১ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে কৃষিভিত্তিক শিল্পে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ২০,২২৬.২৬ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ১৭,৫৯৬.৭৩ কোটি টাকা এবং মেয়াদি ঋণের পরিমাণ ২,৬২৯.৫৩ কোটি টাকা। জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে বিগত জুলাই- মার্চ, ২০১৩-১৪ সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ১৫.২৫% ও ১১.২২% হ্রাস পেলেও মেয়াদি ঋণ বিতরণ ১৫.৭৫% বৃদ্ধি পেয়েছে।

চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-মার্চ, ২০১৩-১৪	১৭,৫৯৬.৭৩	২,৬২৯.৫৩	২০,২২৬.২৬
জুলাই-মার্চ, ২০১৪-১৫	১৪,৯১৩.০৪	৩,০৪৩.৬১	১৭,৯৫৬.৬৫

চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-মার্চ, ২০১৪-১৫ রাষ্ট্র




আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ১৭,৯৫৬.৬৫ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৫৮২.৯৮ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ১২,২২৬.৭২ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ৪,৪৮৬.১৭ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৬৬০.৭৮ কোটি টাকা বিতরণ করেছে। মোট ঋণ বিতরণের মধ্যে ব্যাংকের ধরণ হিসেবে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩.২৫%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬৮.০৯%, বিদেশি ব্যাংকসমূহ ২৪.৯৮%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৩.৬৮% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)

২. ঋণ আদায়


জুলাই-মার্চ, ২০১৪-১৫ মেয়াদে কৃষিভিত্তিক শিল্প খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ১৩,৮৪৭.৭৮ কোটি টাকা আদায় হয়েছে। জুলাই-মার্চ, ২০১৩-১৪ সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ১৬,৭৩২.৩৬ কোটি টাকা যার তুলনায় ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণ আদায় ১৭.২৪% হ্রাস পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)

চিত্র ৩: আদায়কৃত ঋণের তুলনামূলক চিত্র



ব্যাংকের ধরণ ভেদে জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট আদায়কৃত ১৩,৮৪৭.৭৮ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩৮৬.০৯ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮,৬২৫.০৩ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ৩,৮৫২.৫৬ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৯৮৪.১০ কোটি টাকা আদায় করেছে। চিত্র ৪ এ ব্যাংকের ধরণ ভেদে কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ আদায় পরিস্থিতি তুলে ধরা হয়েছে। চিত্র ৪ মোতাবেক ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ ত্রৈমাসিকে আদায়কৃত ১৩,৮৪৭.৭৮ কোটি টাকার মধ্যে ২.৭৯% রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, ৬২.২৮% বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, ২৭.৮২% বিদেশি ব্যাংক এবং অবশিষ্ট ৭.১১% বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক আদায়কৃত।


চিত্র ৪: ব্যাংকের ধরণ ভেদে আদায় পরিস্থিতি, জুলাই-মার্চ, ২০১৪-১৫



৩. বকেয়া ঋণস্থিতি

জুলাই-মার্চ, ২০১৪-১৫ মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৩২,৭৫৫.৯১ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া স্থিতি ২২,৭৫৮.০৬ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৯,৯৯৭.৮৫ কোটি টাকা। জুলাই-মার্চ, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৩৮,৩৬৫.৬০ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৯,৫৩৩.৫২ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া স্থিতির পরিমাণ ৮,৮৩২.০৮ কোটি টাকা। আলোচ্য ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় চলতি মূলধন ঋণ এবং মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ২২.৯৪% এবং ১৪.৬২% হ্রাস পেলেও মেয়াদি ঋণ ১৩.২০% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৫ দ্রষ্টব্য)


চিত্র ৫: বকেয়া ঋণস্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-মার্চ, ২০১৩-১৪	২৯,৫৩৩.৫২	৮,৮৩২.০৮	৩৮,৩৬৫.৬০
জুলাই-মার্চ, ২০১৪-১৫	২২,৭৫৮.০৬	৯,৯৯৭.৮৫	৩২,৭৫৫.৯১

জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট বকেয়া স্থিতির ৩২,৭৫৫.৯১ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭,২৯৩.৬৯ কোটি টাকা বা ২২.২৭%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৮,১৫৮.৫৩ কোটি টাকা বা ৫৫.৪৪%, বিদেশি ব্যাংকসমূহের ২,৮৩৯.৫৮ কোটি টাকা বা ৮.৬৭% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৪,৪৬৪.১১ কোটি টাকা বা ১৩.৬৩%। (চিত্র-৬ দ্রষ্টব্য)


চিত্র ৬: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-মার্চ, ২০১৪-১৫



৪. শ্রেণিকৃত ঋণস্থিতি


জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের স্থিতির পরিমাণ ২,৭২৩.৭৩ কোটি টাকা। জুলাই- মার্চ, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণস্থিতির পরিমাণ ছিল ২,১১২.৯৫ কোটি টাকা যা ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে ৬১০.৭৮ কোটি টাকা বা ২৮.৯১% বৃদ্ধি পেয়েছে। জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির উপর শ্রেণিকৃত ঋণের হার ৮.৩২% যা বিগত ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে ছিল ৫.৫১%। জুলাই-মার্চ, ২০১৩-১৪ সময়ের তুলনায় জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ২.৮১ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র-৭ দ্রষ্টব্য)

চিত্র ৭: শ্রেণিকৃত ঋণের তুলনামূলক চিত্র



জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি মোট ২,৭২৩.৭৩ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৬৬৯.০১ কোটি টাকা বা ২৪.৫৬%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৯৩৭.৪৯ কোটি টাকা বা ৩৪.৪২%, বিদেশি ব্যাংকসমূহের ২৯.১৫ কোটি টাকা বা ১.০৭% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ১,০৮৮.০৮ কোটি টাকা বা ৩৯.৯৫%। (চিত্র ৮ দ্রষ্টব্য)

চিত্র ৮: ব্যাংকের ধরণভেদে শ্রেণিকৃত ঋণস্থিতি, জুলাই-মার্চ, ২০১৪-১৫



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী জুলাই-মার্চ ২০১৪-২০১৫ অর্থবছর শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণের হার যথাক্রমে ৯.১৭% এবং ২৪.৩৭% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশি।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণিকৃত ঋণস্থিতি	শতকরা হার
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৭,২৯৩.৬৯	৬৬৯.০১	৯.১৭%
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক	১৮,১৫৮.৫৩	৯৩৭.৪৯	৫.১৬%
বিদেশি ব্যাংক	২,৮৩৯.৫৮	২৯.১৫	১.০৩%
বিশেষায়িত ব্যাংক	৪,৪৬৪.১১	১,০৮৮.০৮	২৪.৩৭%
মোট	**৩২,৭৫৫.৯১**	**২,৭২৩.৭৩**	**৮.৩২%**

৫. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-মার্চ সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় বর্তমান অর্থবছরের জুলাই-মার্চ সময়ে ঋণ বিতরণ, ঋণ আদায় ও বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ১১.২২%, ১৭.২৪% ও ১৪.৬২% হ্রাস পেয়েছে। এছাড়াও, শ্রেণিকৃত স্থিতির পরিমাণ বিগত বছরের তুলনায় ২৮.৯১% বৃদ্ধি পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-মার্চ সময়ের তুলনায় ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণিকৃত ঋণের হার ২.৮১ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৯ দ্রষ্টব্য)

চিত্র ৯: ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া স্থিতি	শ্রেণিকৃত স্থিতি
জুলাই-মার্চ, ২০১৩-১৪	২০,২২৬.২৬	১৬,৭৩২.৩৬	৩৮,৩৬৫.৬০	২,১১২.৯৫
জুলাই-মার্চ, ২০১৪-১৫	১৭,৯৫৬.৬৫	১৩,৮৪৭.৭৮	৩২,৭৫৫.৯১	২,৭২৩.৭৩

জুলাই-মার্চ, ২০১৪-১৫ সময়ে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণিকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের গড় হার ৮.৩২%। ব্যাংকের ধরণের ভিত্তিতে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৯.১৭%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৫.১৬%, বিদেশি ব্যাংকসমূহের ১.০৩% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ২৪.৩৭%।

চিত্র ১০ এ সর্বশেষ ৪ অর্থবছরের কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা বিধৃত হয়েছে। বর্ণিত চিত্র হতে দেখা যায় কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির প্রবৃদ্ধি স্থিতিশীল রয়েছে। এছাড়াও, শ্রেণিকৃত ঋণের পরিমাণ বিগত অর্থবছরগুলোর তুলনায় ইতিবাচক পর্যায়ে রয়েছে। তবে, কৃষিভিত্তিক শিল্প ঋণের সিংহভাগই চলতি মূলধন ঋণ হিসেবে বিতরণকৃত। ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মেয়াদি ঋণ অংশ এ খাতে বকেয়া ঋণস্থিতির ২৯.৯১%, ৩২.৮১% ও ৩০.৭৩% যা কাম্য স্তরের তুলনায় অত্যন্ত কম। বর্তমান অর্থবছরের ৩য় ত্রৈমাসিকের পরিসংখ্যান অনুযায়ী কৃষিভিত্তিক শিল্প খাতে মোট বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৩২,৭৫৫.৯১ কোটি টাকা। তন্মধ্যে, মেয়াদি ঋণ স্থিতির পরিমাণ ৯,৯৯৭.৮৫ কোটি টাকা যা বকেয়া ঋণস্থিতির মাত্র ৩০.৫২%। ফলে, কৃষিভিত্তিক শিল্পের মূলধন গঠনের প্রবৃদ্ধি আশানুরূপ হচ্ছে না।

চিত্র ১০: কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা

